যুগান্তর

তারিখ ২6 MAY 2016
পৃষ্ঠা 2 কলাম 2

জাতীয় বিশ্ববিদ্যালয়

# মাস্টার্স শেষ পর্ব ভর্তি আবেদন ২৯ মে শুরু

**গাজীপুর প্রতিনিধি**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) ভর্তি কার্যক্রমে রিলিজ স্লিপের অনলাইন আবেদন ২৯ মে বিকাল ৪টা থেকে শুরু হবে এবং তা ২ জুন রাত ১২টা পর্যন্ত চলবে। যে সব শিক্ষার্থী ১ম ও ২য় মেধা তালিকায় স্থান পেয়েও ভর্তি হয়নি অথবা ১ম রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থান পায়নি, ভর্তি বাতিল করেছে, ২য় পর্যায়ে নতুন করে প্রাথমিক আবেদন করেছে এবং সংশ্লিষ্ট কলেজ কর্তৃক উক্ত প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করা হয়েছে সে সব শিক্ষার্থী ২য় রিলিজ স্লিপে আবেদন করতে পারবে।